দৈনিক ইত্তেফাক

তারিখ ... 05 NOV 1992
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪ ...

108 166

# ছাত্রদের বিক্ষোভ অব্যাহত

এস, এস, সি পরীক্ষায় নৈর্ব্যক্তিক প্রশ্ন পদ্ধতি সম্পূর্ণভাবে বহাল রাখা ও গ্রেফতারকৃত ছাত্রদের মুক্তির দাবীতে গতকাল বুধবার বিভিন্ন স্থানে ছাত্রছাত্রীরা বিক্ষোভ প্রদর্শন করে। আমাদের প্রতিনিধি ও সংবাদদাতারা জানান, গতকাল সিলেট সদরে অর্ধদিবস হরতাল পালিত হয়। আজ ছাত্ররা ছাতক থানা সদরে হরতাল আহ্বান করিয়াছে। গতকাল ছাতকে ছাত্রদের ইট-পাটকেল নিক্ষেপে ৩টি গাড়ী এবং টিএনও অফিসের কয়েকটি দরজা-জানালা ভাংচুর হয়। রাঙ্গুনিয়া ছাত্র-ছাত্রীদের অবরোধের কারণে চট্টগ্রাম-কাপ্তাই সড়কে সকাল হইতে ২/৩ ঘন্টা যানবাহন বন্ধ ছিল। ছাত্ররা ২টি

( ৭ম পৃঃ ৩-এর কঃ দ্রঃ )

## ছাত্রদের বিক্ষোভ

(শেষ পৃঃ পর)

ট্রাক ভাংচুর করে। নরসিংদীতে ছাত্রদের মিছিল হয়। তাহারা খাজাবাড়ী ষ্টেশনে জয়ন্তিকা ট্রেন এক ঘন্টা আটকাইয়া রাখে।